**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 23-02-2026** **Desk in Charge : S.D.G.**

**Time : 7-35 AM** **Compiling : Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় ভোটারদের নথি যাচাই আজ শুরু করছেন, কলকাতা হাইকোর্ট নিযুক্ত বিচারকেরা। # তাঁদের কার্যপদ্ধতি নিয়ে আজ'ও ভার্চুয়াল বৈঠক করবেন হাইকোর্টের প্রধান বিচারপতি।

২/আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন সহ বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য আজ, উচ্চপর্যায়ের বৈঠকে বসছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

৩/ বাংলা একসময় সারা দেশকে পথ দেখালেও, এরাজ্যে নারী সুরক্ষা প্রশ্নের মুখে বলে অভিযোগ করেছেন, কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেত্রী অন্নপূর্ণা দেবী।

8/ 'মন কি বাতে'র ১৩১ তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ডিজিটাল অ্যারেস্ট এবং আর্থিক জালিয়াতি নিয়ে ফের সকলকে সতর্ক করে দিয়েছেন।

৫/ প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিধায়ক মুকুল রায় প্রয়াত।

6/ লস্কর ই তৈবা এবং বাংলাদেশের জঙ্গী সংগঠনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে এরাজ্য থেকে দুজনকে গ্রেপ্তার করেছে দিল্লী পুলিশ। # জঙ্গী যোগে মুর্শিদাবাদ থেকে গ্রেপ্তার আরো দুই।

৭/ ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ যুব ভারতী ক্রীড়াঙ্গণে চেন্নাইন এফ সি-র মুখোমুখি হবে।

**********************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় ভোটারদের নথি যাচাই আজ শুরু করছেন কলকাতা হাইকোর্ট নিযুক্ত বিচারকেরা। তার আগে গতকাল ভার্চুয়াল বৈঠক করেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি। কী কী কাজ করতে হবে, সুপ্রিম কোর্টের নির্দেশমতো কোন কোন নথি যাচাই করতে হবে দায়িত্বপ্রাপ্ত বিচারকদের তা বুঝিয়ে দেওয়া হয় সেই বৈঠকে। অন্য দিকে, এসআইআর নিয়ে সুপ্রিম কোর্টের নির্দেশ পালন করা হচ্ছে কি না, তা নজরদারির জন্য প্রতিটি জেলায় একটি কমিটি গঠন করেছেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। ওই কমিটিতে রাখা হয়েছে সংশ্লিষ্ট জেলার জেলা বিচারক, জেলাশাসক এবং পুলিশ সুপারকে।
গতকালের ভার্চুয়াল বৈঠকে প্রধান বিচারপতি ছাড়াও উপস্থিত ছিলেন মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, ডিজিপি পীযূষ পান্ডে, কমিশনের আধিকারিকেরা। আজ ফের ভার্চুয়াল বৈঠক হবার কথা।

**************************

SIR-এর কাজে সহযোগিতার জন্য বিচারবিভাগীয় আধিকারিকদের প্রস্তুত করতে নির্বাচন কমিশন উদ্যোগী হয়েছে। এর অঙ্গ হিসাবে কলকাতা ও বিভিন্ন জেলায় শুরু হয়েছে প্রশিক্ষণ ও প্রস্তুতি বৈঠক।

কলকাতা উত্তরের দায়িত্বপ্রাপ্ত জুডিশিয়াল অফিসারদের সঙ্গে গতকাল প্রস্তুতি বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের প্রতিনিধিরা। জেসপ বিল্ডিংয়ে প্রায় দু'ঘণ্টা ধরে চলা ওই বৈঠকে মূলত লজিক্যাল ডিস্ক্রিপেন্সি সংক্রান্ত বকেয়া কাজ, কত সংখ্যক নথির স্ক্রুটিনি এখনও বাকি এবং সেই প্রক্রিয়া কীভাবে সম্পন্ন হবে— সেই বিষয়গুলি নিয়েই বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন কমিশনের বিশেষ রোল অবজার্ভাররাও। বৈঠকের পর জেসপ ভবনে প্রশিক্ষণ পর্বও অনুষ্ঠিত হয়।

**************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক ডাকা হয়েছে। বৈঠকে উপস্থিত থাকবেন বিশেষ পর্যবেক্ষক এনকে মিশ্র, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সহ দপ্তরের উচ্চ

পদস্থ আধিকারিকরা। রাজ্য পুলিশের ডিজি, কলকাতা পুলিশ কমিশনার, রাজ্য পুলিশ নোডাল অফিসার, কেন্দ্রীয় বাহিনী নোডাল অফিসারও বৈঠকে যোগ দেবেন বলে খবর। কেন্দ্রীয় বাহিনীর আগমন, রুট মার্চ, সংবেদনশীল বুথ চিহ্নিতকরণ এবং বাহিনীর লজিস্টিক ব্যবস্থা—এসব বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা।

উল্লেখ্য, বিধানসভা ভোট ঘোষণার আগেই রাজ্যে দু'দফায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করছে নির্বাচন কমিশন। আগামী ১লা মার্চ এর মধ্যে প্রথমে ২৪০ কোম্পানি বাহিনী রাজ্যে আসবে। দ্বিতীয় দফায় ১০ মার্চের মধ্যে পৌঁছবে আরও ২৪০ কোম্পানি।

****************************

SIR প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন করার পরেই রাজ্যে ভোটের দিনক্ষণ প্রকাশের দাবি জানিয়েছেন, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন বিচারবিভাগ যে ভাবে SIR-এ হস্তক্ষেপ করতে বাধ্য হয়েছে তা রাজ্যের পক্ষে লজ্জার।

( বাইট- শমীক )

****************************

নারীদের সুরক্ষার জন্য বাংলায় বিজেপি সরকার গড়ে তোলা প্রয়োজন বলে দলের নেত্রী ও কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী দাবী করেছেন। কলকাতায় গতকাল বিজেপির মহিলা সম্মেলনে তিনি অভিযোগ করেন, যে বাংলা একসময় সারা দেশকে পথ দেখাতো, সেই বাংলায় আজ নারী সুরক্ষার বিষয়টি প্রশ্নচিহ্নের মুখে। মহিলাদের উপর নির্যাতনের ঘটনায় কেন্দ্রীয় সরকার 'ফাস্ট ট্রাক' স্পেশাল আদালত চালু করার অনুমোদন দিলেও রাজ্য সরকার তা চালু করেনি।

সম্মেলনে উপস্থিত দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা রাজ্যে বিজেপি সরকার গড়ে তুলতে মহিলাদের এগিয়ে আসার আহ্বান জানান। RG KAR , দুর্গাপুর সহ বিভিন্ন ঘটনার উল্লেখ করে শ্রীমতি গুপ্তা জানান, মুখ্যমন্ত্রী অপরাধীদের শাস্তি দেওয়ার পরিবর্তে নির্যাতিতাকে অসম্মান করেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, প্রধানমন্ত্রী নারী শক্তিকে এক তৃতীয়াংশ সংরক্ষণের ব্যবস্থা করেছেন।

( বাইট- শুভেন্দু )

*************************

'বন্দেমাতরম্' যাত্রার অঙ্গ হিসেবে রাজ্যপাল সিভি আনন্দ বোস গতকাল কলকাতার একটি অনাথ আশ্রমের আবাসিকদের সঙ্গে সাক্ষাৎ করেন। 'দ্য রেফিউজ' নামে ওই অনাথ আশ্রমের ১২৫ বছরে পূর্তি উদযাপন চলছে। এই উপলক্ষে রাজ্যপাল সেখানে এক অনুষ্ঠানে অনাথ কচিকাঁচা ও অন্য আবাসিকদের সঙ্গে কথা বলেন, তাদের হাতে উপহার সামগ্রী তুলে দেন। পড়াশোনার সুবিধার জন্য প্রত্যেককে আলাদাভাবে আর্থিক সাহায্য করার কথাও রাজ্যপাল জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি বিচারপতি অসীম কুমার রায়, আহ্বায়ক বিশ্বরূপ দে প্রমুখ।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আগামী দিনে গোটা বিশ্ব, কিভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করবে তারই নির্ণায়ক ভূমিকা নিয়েছে দিল্লি গ্লোবাল এআই ইম্প্যাক্ট সামিট। গতকাল মন কি বাতের ১৩১ তম পর্বে শ্রী মোদী বলেন, এই সম্মেলনে বিশ্ব নেতৃত্ব এবং কৃত্রিম মেধা নিয়ে কাজ করছে এমন সংস্থার কার্যনির্বাহী আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

(বাইট- এ আই সামিট )

প্রধানমন্ত্রী ডিজিটাল অ্যারেস্ট এবং আর্থিক জালিয়াতি নিয়ে ফের সকলকে সতর্ক করে দেন। তিনি বলেন, এক্ষেত্রে প্রবীণ নাগরিকদের নিশানা বানিয়ে তাদের সারা জীবনের সঞ্চয় প্রতারকরা লুঠ করে নিচ্ছে।

(বাইট- ডিজিটাল অ্যারেস্ট )

*************************

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মুকুল রায় প্রয়াত। বয়স হয়েছিল ৭১ বছর। একাধিক শারীরিক সমস্যা নিয়ে দীর্ঘদিন ধরেই হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। গতকাল গভীর রাতে মুকুল রায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ২০২১-এর নির্বাচনে কৃষ্ণনগর উত্তর কেন্দ্র থেকে বিজেপির টিকিটে নির্বাচিত হয়েছিলেন তিনি। পরে ফের তৃণমূল কংগ্রেসের যোগ দিলেও, বিধায়ক পদ থেকে ইস্তফা দেননি। তাঁর বিধায়ক পদ খারিজের মামলা আদালত পর্যন্ত গড়ায়। হাইকোর্ট মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ করলেও, সেই সিদ্ধান্তের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় সুপ্রিম কোর্ট। রাজ্যসভার সদস্য'ও ছিলেন মুকুল রায়। পালন করেছেন জাহাজ ও রেল মন্ত্রীর দায়িত্ব।

*************************

লস্কর-ই-তৈবা ও বাংলাদেশের জঙ্গি দলের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দিল্লি পুলিশ, পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ু থেকে মোট ৮ জনকে গ্রেপ্তার করেছে। সামাজিক মাধ্যমে পোস্টের সূত্র ধরেই তাঁদের পাকড়াও করা হয়। এরা পাকিস্তানের জঙ্গী গোষ্ঠীর হয়ে প্রচার চালাতো বলে অভিযোগ। এরাজ্যের মালদা থেকে ধৃত দুজনের মধ্যে একজন বাংলাদেশী। উদ্ধার হয়েছে জাল আধার কার্ড, মোবাইল ফোন ও একাধিক সিম কার্ড। তদন্তকারীদের দাবি, জঙ্গি হামলার পরিকল্পনা চালাচ্ছিল তারা।

ধৃত **উমর ফারুক এবং রবিউল ইসলামকে** ট্রানজিট রিমান্ডে দিল্লি নিয়ে যাওয়া হবে। **উমর মালদহের বাসিন্দার**। রবিউল বাংলাদেশি।

এদিকে, গুপ্তচরবৃত্তির অভিযোগে মুর্শিদাবাদে **দুই যুবককে গ্রেফতার করেছে বেঙ্গল এসটিএফ। তার মধ্যে একজনকে কয়েকদিন আগেই গ্রেফতার করা হয়েছিল। তাকে জিজ্ঞাসাবাদ করে বহরমপুর থেকে সুমন শেখ নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে**। সে ভারতীয় সিম কার্ড ব্যাবহার করে পাকিস্তানে OTP পাঠাতো বলে STF-এর দাবী। সেই OTP দিয়েই সক্রিয় করা হতো সিম কার্ড। গত সপ্তাহে মুর্শিদাবাদের বাসিন্দা জুহাব শেখকে গ্রেফতার করে বেঙ্গল এসটিএফ। তাকে জেরা করে বছর চব্বিশের সুমনের নাম জানতে পারেন তদন্তকারীরা। মুর্শিদাবাদের গুধিয়া গ্রামের বাসিন্দা হলেও, লেদ-এর কাজের জন্য মহারাষ্ট্রের পুনেতে থাকতো সুমন শেখ।

সম্প্রতি সে বাড়ি ফিরে আসে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে শনিবার রাতে বহরমপুরের গীর্জা মোড় থেকে তাকে পাকড়াও করে STF । গতকাল বিধানগর আদালতে তোলা হলে ১৪ দিনের STF হেফাজত হয়েছে।

*************************

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইয়িন এফ সি-র মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

প্রথম ম্যাচে মোহনবাগান ২-০ গোলে কেরালা ব্লাসটার্স কে পরাজিত করেছিল।

*******************************************************************